**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 30–06–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তৃতীয়বার প্রধানমন্ত্রী হওয়ার পর আজ প্রথম 'মন কি বাত' অনুষ্ঠানে মতবিনিময় করলেন ।**

**(২) নতুন তিনটি ফৌজদারী আইন আগামীকাল থেকে সারা দেশে কার্যকর হচ্ছে ।**

**(৩) রাজ্যভিত্তিক সিনিয়র ক্রিকেটের এলিট গ্রুপের ফাইন্যালে মোহনপুর।**

******************************************

**Maan Ki Baat:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সাম্প্রতিক লোকসভার নির্বাচনে সংবিধান এবং গণতান্ত্রিক কাঠামোর প্রতি পুনরায় আস্থা ব্যক্ত করায় দেশের জনগণের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। তৃতীয় বারের মতো প্রধানমন্ত্রী হবার পর তিনি আজ "মন কি বাত" অনুষ্ঠানের ১১১তম পর্বে আরও বলেন, এই নির্বাচন ছিলো পৃথিবীর সবচেয়ে বৃহৎ নির্বাচন প্রক্রিয়া যেখানে ৬৫ কোটি মানুষ তাঁদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করেছেন।

প্রধানমন্ত্রী বলেছেন, আজ ৩০শে জুন হলো মহান "হুল দিবস"। এই দিবসটি মহান সিধু ও কানহুর বৃটিশ শাসকদের অত্যাচার বিরোধী অসীম সাহসিকতার সাথে আত্মবলিদান সম্পর্কিত। তারা ১৮৫৫ সালে ঝাড়খণ্ডের সাঁওতাল পরগণার হাজার হাজার সাঁওতাল জনগোষ্ঠীর মানুষকে অত্যাচারী বিদেশী শাসকদের বিরুদ্ধে জাগিয়ে তুলেছিলেন।

বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে গৃহীত "এক পেড় মা কে নাম" শীর্ষক কর্মসূচী রূপায়ণে সকলকে নিজের মায়ের নামে অথবা মায়ের সাথে অন্ততঃ একটি গাছ লাগানোর আহ্বান জানান প্রধানমন্ত্রী। শ্রী মোদী বলেন, এই কর্মসূচীর ফলে মানুষের সামনে তার মায়ের প্রতি সম্মান প্রকাশের সুযোগ এসেছে ।

এছাড়া, প্রধানমন্ত্রী আগামী মাসে অনুষ্ঠেয় প্যারিস ওলিম্পিকে অংশগ্রহণকারী ভারতীয় খেলোয়ারদের অভিনন্দন জানিয়েছেন।

*****************

**CM-Maan ki Baat:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী 'মন কি বাত' অনুষ্ঠানে ভারতের বিভিন্ন প্রান্তের জনগনের মনের কথাই উঠে আসে। আজ বাধারঘাট বিজেপি মন্ডলের উদ্যোগে আয়োজিত প্রধানমন্ত্রীর মন কি বাত অনুষ্ঠানে অংশগ্রহণ করে তিনি একথা বলেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী মন কি বাতে সবসময় অনন্য বিষয় তুলে ধরেন। সেখান থেকে আমরা অনেক জ্ঞান অর্জন করতে পারি।

*****************

**New Criminal Laws:**

ফৌজদারি ৩টি নতুন আইন ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম আগামীকাল ১লা জুলাই থেকে সারা দেশে কার্যকার হচ্ছে। নতুন এই আইনের লক্ষ্য হচ্ছে দেশের ফৌজদারি বিচার ব্যবস্থার আধুনিকীকরণ, বিচার প্রক্রিয়াকে ত্বরান্বিত করা এবং ক্ষতিগ্রস্তদের সুরক্ষা নিশ্চিত করা। এই ৩টি নতুন আইনে নারী ও শিশু-সহ সকলস্তরের জনগনের বিরুদ্ধে সংগঠিত অপরাধ দূরীকরণকে অগ্রাধিকার দিয়ে ফৌজদারি বিচারের সংস্কার সাধন করা হয়েছে।

৩টি নতুন আইন কার্যকর করার জন্য এখন পর্যন্ত পুলিশ, স্বরাস্ট্র, আইন, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, প্রসিকিউশন দপ্তর ও স্টেট ফরেনসিক সায়েন্স ল্যাবরেটোরির ২,৩৪৭ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

*****************

**Book Fair/KAILASHAHAR:**

কৈলাশহরের ভগিনী নিবেদিতা দ্বাদশশ্রেণি বিদ্যালয় চত্বরে আজ থেকে শুরু হয়েছে ছয়দিনের ষোড়শ কৈলাশহর বইমেলা।

আজ বিকালে এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন, সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের মন্ত্রী টিংকু রায়।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ ও জেলা শাসক দিলীপ কুমার চাকমা। বইমেলায় মোট পঁচিশটি বিপনন স্টল খোলা হয়েছে।

*****************

**CM-Blood Donation:**

আজ আগরতলার ভগৎ সিং যুব আবাসে স্টেট ইঞ্জিনিয়ার্স এসোসিয়েশনের উদ্যোগে রক্তদান শিবির ও কৃতি সম্বর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। শিবিরে মোট ৩১ জন রক্তদান করেন। এছাড়া অনুষ্ঠানে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক এ কৃতি ছাত্রছাত্রীদের সম্বর্ধনা দেওয়া হয়।

*****************

**CM:**

আগামীকাল ডাক্তার বিধানচন্দ্র রায়ের জন্মদিন-জাতীয় চিকিৎসক দিবস। এই উপলক্ষে রাজ্যের চিকিৎসক সমাজ ও রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা।

ডাক্তার বিধান চন্দ্র রায়ের জন্মবার্ষিকী উপলক্ষে বিধান শিশু উদ্যান ও মেধা অন্বেষার যৌথ উদ্যোগে আজ তুলসীবতি বালিকা বিদ্যালয় বসে আঁকো প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

*****************

**Jitendra Chowdary, Opp Leader:**

সিপিআই(এম) রাজ্য সম্পাদক ও বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী রাজ্যের নির্বাচন কমিশনারের কাছে লেখা আজ এক চিঠিতে আসন্ন পঞ্চায়েত নির্বাচনকে সুষ্ঠ, অবাধ করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের অনুরোধ করেছেন। শ্রী চৌধুরী বিভিন্ন সংবাদপত্রে প্রকাশিত একটি সংবাদের উল্লেখ করে অভিযোগ করেন, ধর্মনগর এলাকায় শাসকদলীয় এক ব্যক্তির নেতৃত্বে কয়েকটি গাড়ি নিয়ে বিভিন্ন গ্রামে মাইক যোগে বিরোধী দলের প্রতি হুমকী দেওয়া হচ্ছে যেন পঞ্চায়েত নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা না করা হয়। শ্রী চৌধুরী অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে যথাযযথ ব্যবস্থা গ্রহন এবং এই কাজে ব্যবহৃত গাড়িগুলোকে বাজেয়াপ্ত করার দাবী জানান।

*****************

**Health Camp:**

ত্রিপুরা শিশু সুরক্ষা অধিকার কমিশনের উদ্যোগে ও স্বাস্থ্য দপ্তরের সহযোগিতায় আজ কৈলাশহরের রাংরুং চা-বাগান মাধ্যমিক বিদ্যালয় চত্বরেএক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়।

এই শিবিরে উপস্থিত ছিলেন, শ্রমমন্ত্রী টিংকু রায়, ত্রিপুরা শিশু সুরক্ষা অধিকার কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেববর্মা প্রমুখ।

আজ মোট ২০৯ জনের চিকিৎসা করে বিনামূল্যে ঔষধপত্র বিতরণ করা হয়েছে।

*****************

**Awarenes camp:**

আজ মাতা ত্রিপুরাসুন্দরী মন্দির এলাকার সমস্ত পেঁড়া ও ক্ষুদ্র ব্যবসায়ীদের নিয়ে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের উপর এক সচেতণতামূলক শিবির অনুষ্ঠিত হয়। এই শিবিরের উদ্বোধন করেন বিধায়ক অভিষেক দেবরায় l এই শিবিরে সহজ সর্তে ঋণের মাধ্যমে সমস্ত ব্যবসায়ীদের সার্বিকভাবে স্বাবলম্বী করে তোলার বিষয়ে আলোচনা করেন পাঞ্জাব ন্যাশনাল ব্যাংকের আগরতলা সার্কেল অফিসার।

*****************

**Samagro Shiksha:**

আজ উদয়পুরে অল ত্রিপুরা সমগ্র শিক্ষা মিনিস্টারিয়াল স্টাফের রাজ্যভিত্তিক সম্মেলন অনুষ্ঠিত হয়। চারা গাছ রোপনের মাধ্যমে সম্মেলনের সূচনা করেন বিধায়ক অভিষেক দেবরায়।

এই সম্মেলনে রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে মোট ৩৩০ জন প্রতিনিধি অংশগ্রহণ করে l

*****************

**CPIM Rally:**

শিক্ষা, স্বাস্থ্য ও কর্মসংস্থানে দুর্নীতি বন্ধ করা, সরকারী স্কুল বন্ধ করার বিরুদ্ধে ও সুষ্ঠু পঞ্চায়েত নির্বাচনের দাবীতে আজ উদয়পুরে এবং বিলোনিয়ার মতাই ও রতনপুর বাজারে মিছিল ও সভার আয়োজন করে সিপিআই(এম)। এই কর্মসুচিগুলিতে উপস্থিত ছিলেন বিধায়ক দীপংকর সেন, প্রাক্তন মন্ত্রী রতন ভৌমিক সহ সিপিআই(এম)-এর অন্যান্য নেতৃবৃন্দ।

*****************

**Felicitation:**

আগরতলার প্রতাপগড় ইংলিশ মিডিয়াম স্কুলে আজ এক অনুষ্ঠানের মধ্য দিয়ে মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক উত্তীর্ণ ৬১ জন ছাত্রছাত্রীকে সংবর্ধনা দেওয়া হয়। এছাড়া, স্কুল চত্বরে বৃক্ষরোপন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত

ছিলেন বিধায়ক ভগবান দাস, বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য প্রমুখ।

*****************

**M. Venkaya Naidu:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ভার্চুয়াল পদ্ধতিতে প্রাক্তন উপরাষ্ট্রপতি এম ভেঙ্কাইয়া নাইডুর জীবন ও কর্ম নিয়ে তিনটি বইয়ের আনুষ্ঠানিক প্রকাশ করেন। তাঁর ৭৫তম জন্মতিথির প্রাক -মুহূর্তে এই উপলক্ষে প্রধানমন্ত্রী বলেন, এই বইগুলো জনগণের কাছে প্রেরণার উৎস হয়ে থাকবে।

*****************

**Army Chief Retired:**

সেনাবাহিনীর প্রধান জেনারেল মনোজ পান্ডে আজ তাঁর পদ থেকে অবসর নিয়েছেন। দীর্ঘ চার দশকের বেশী সময় ধরে তিনি সেনাবাহিনীর কাজে আত্মনিয়োগ করে গেছেন।

*****************

**Sports Journalist:**

ত্রিপুরা স্পোর্টস জার্নালিস্টস ক্লাবের বার্ষিক সাধারণ সভা আজ অনুষ্ঠিত হয়। আগরতলা প্রেস ক্লাবের কনফারেন্স হল-এ অনুষ্ঠিত সভায় সচিবের বার্ষিক প্রতিবেদন ও আয় ব্যয়ের হিসাব আলেচনার পর গৃহীত হয়। পরে দুবছরের জন্য নতুন পরিচালন কমিটি গঠিত হয়। এতে সভাপতি হিসেবে সরযূ চক্রবর্তী ও সম্পাদক হিসেবে অনির্বাণ দেব নির্বাচিত হন।

*****************

**State level Cricket:**

রাজ্যভিত্তিক সিনিয়র ক্রিকেটের এলিট গ্রুপের ফাইন্যালে উঠেছে মোহনপুর। আজ ধর্মনগরের কলেজ স্টেডিয়ামে অনুষ্ঠিত আসরের প্রথম

সেমিফাইনালে মোহনপুর ৪১ রানে শান্তিরবাজারকে পরাজিত করে। আগামী ২ জুলাই দ্বিতীয় সেমিফাইনালে সদর খেলবে উদয়পুরে বিরুদ্ধে।

*****************

**Third Division Football:**

ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার দুটি খেলায় আজ জম্পুইজলা প্লে সেন্টার ও কেশব সংঘ জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় জম্পুইজলা প্লে সেন্টার ২-০ গোলে ইয়ুথ ক্লাবকে হারিয়ে দেয়। একই মাঠে অপর খেলায় কেশব সংঘ ২-১ গোলে সিমনা তমাকারী ফুটবল ক্লাবকে হারিয়ে দেয়।

*****************

*****************